

ঢোলা মহাবিদ্যালয়

বি. এ. পাৰ্ট ১ ইন্টারমিডিয়েট পরীক্ষা, ২০২০

বিষয় - ইতিহাস (General)

পেপার - I

পূর্ণমান - ১০০

সময় - ২ঘন্টা

পরীক্ষার তারিখ- ২০/১২/২০

বিভাগ - ক

১/ যেকোনো ১৫টি প্রশ্নের উত্তর দাও। ১৫\*২=৩০

ক) হরপ্পা ও মহেঞ্জোদাড়োর দুইজন আবিষ্কারকের নাম লেখ?

খ) বৈদিক যুগের দুজন মহিলা স্তোত্র রচয়িতার নাম লেখ?

গ) খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতকের চারটি গুরুত্বপূর্ণ মহাজনপদের নাম লেখ?

ঘ) আর্ষসত্য বলতে কি বোঝ?

ঙ) 'ইন্ডিকা' ও 'অর্থশাস্ত্রের' রচয়িতা কে?

চ) ধর্মমহামাত্র কারা ছিলেন?

ছ) খৃঃ পূঃ প্রথম শতকে আবিষ্কৃত কোন প্রাকৃতিক ঘটনা ভারত-রোম সামুদ্রিক বাণিজ্যকে প্রভাবিত করেছিল?

জ) 'গ্রহণ-মোক্ষ- অনুগ্রহ' নীতিকে কে গ্রহণ করেন?

ঝ) গঙ্গাইকোণ্ড উপাধি কে গ্রহণ করেন এবং কেন?

ঞ) বিজয়নগর সাম্রাজ্যে আগত দুজন বিদেশী পর্যটকের নাম লেখ?

ট) রাজিয়া সুলতানা কে ছিলেন? তিনি কেন নিহত হন?

ঠ) দিল্লির কোন সুলতান প্রথম দাক্ষিণাত্য অভিযান করেন?

ড) ভক্তি আন্দোলনের দুজন সাধকের নাম লেখ?

ঢ) 'নব মুসলমান' কাদের বলা হত?

ণ) কবে এবং কাদের মধ্যে দ্বিতীয় পানিপথের যুদ্ধ সংঘটিত হয়েছিল?

ত) মধ্যযুগের কোন কবি 'গুণরাজ খান' উপাধি লাভ করেছিলেন?

থ) 'কবুলিয়ত' ও 'পাট্টা' বলতে কি বোঝ?

## বিভাগ - খ

২/ যেকোনো ৪টি প্রশ্নের উত্তর দাও। ৪\*৫=২০

ক) প্রাচীন ভারতের ইতিহাসের উপাদান হিসাবে লিপি ও মুদ্রার গুরুত্বের উপর টীকা লেখ?

খ) হরপ্পা সভ্যতার পতনের কারণগুলি ব্যাখ্যা কর?

গ) বৌদ্ধ ও জৈন ধর্মের মধ্যে পার্থক্যগুলি আলোচনা কর?

ঘ) পল্লব স্থাপত্য ও ভাস্কর্য সম্বন্ধে টীকা লেখ?

ঙ) ভক্তি আন্দোলনে শ্রীচৈতন্যের অবদান মূল্যায়ন কর?

চ) আলাউদ্দিন খলজির বাজার নিয়ন্ত্রণনীতির সংক্ষিপ্ত বর্ণনা দাও?

ছ) ইকতা ব্যবস্থার মূল বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা কর?

জ) দিল্লি সুলতানির স্থাপত্য শিল্পের সংক্ষিপ্ত বিবরণ দাও?

## বিভাগ - গ

৩/ যেকোনো ২টি প্রশ্নের উত্তর দাও। ২\*২৫=৫০

ক) অশোকের ধর্মের প্রকৃতি কী ছিল? বৌদ্ধধর্মের দ্বারা তা কতটা প্রভাবিত হয়েছিল?

খ) কুষাণ সম্রাট কর্ণিকের রাজনৈতিক ও সাংস্কৃতিক কৃতিত্বের বিবরণ দাও?

গ) গুপ্তযুগকে সুবর্ণযুগ বলা কতটা যুক্তিসঙ্গত--- আলোচনা কর?

ঘ) মহম্মদ-বিন-তুঘলকের বিভিন্ন পরীক্ষা-নীরিক্ষা আলোচনা কর? দিল্লী সুলতানির সংহতি বিনাশের পিছনে মহম্মদ-বিন- তুঘলক কতখানি দায়ী ছিলেন?

ঙ) শেরশাহের শাসন নীতি বর্ণনা কর। শাসন ব্যবস্থার ক্ষেত্রে তাকে কী আকবরের পূর্বসূরী বলা যায়?